নিউ ইয়র্ক শহরের মাঙ্কিপক্স মোকাবেলা বিষয়ক কর্মকাণ্ড

নিউ ইয়র্ক শহরের স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর (NYC স্বাস্থ্যদপ্তর) মাঙ্কিপক্সের বর্তমান প্রাদুর্ভাব নিয়ে কাজ করছে। এই প্রচার-পুস্তিকাটি NYC-তে মাঙ্কিপক্সের প্রাদুর্ভাবের মোকাবেলায় আমাদের পাঁচ-দফা, সমদর্শিতা-নির্দেশিত পদক্ষেপ সংক্রান্ত রূপরেখাটি তুলে ধরে এবং সেই সব নিউ ইয়র্কবাসীদের কাছে পৌঁছায় যারা এই মুহূর্তে উচ্চ ঝুঁকিসম্পন্ন। আমাদের মাঙ্কিপক্স মোকাবেলা বিষয়ক কর্মকাণ্ড যাতে বিজ্ঞানসম্মত ও জনসমাজের মতামত পুষ্ট হয়ে তা নিশ্চিত করার জন্য আমরা জনসমাজের বিভিন্ন সংগঠন, সহযোগী ও অন্যান্য অংশীদারদের এই কাজে যুক্ত করার ব্যাপারে প্রতিবদ্ধ। নিউ ইয়র্কবাসীদের নিরাপদে থাকতে সাহায্য করায় আমারা আমাদের মোকাবেলা বিষয়ক কর্মকাণ্ডে সমদর্শিতা-সংক্রান্ত বিষয়গুলিকে নিরন্তর চিহ্নিত করে যাবা, নজরদারি চালাব এবং সেগুলি নিয়ে কাজ করব।

নিম্নোক্ত লক্ষ্যসমূহ NYC-তে মাঙ্কিপক্সের প্রাদুর্ভাবের বিরুদ্ধে একটি জরুরি এবং ন্যায়সঙ্গত মোকাবেলা কর্মকাণ্ডকে অভিচালিত করবে:

- এই ভাইরাসটি ছড়িয়ে পড়াকে রোধ ও সীমিত করা
- এর থেকে সৃষ্ট রোগে ভোগা ও অসুস্থ হওয়াকে হ্রাস করা
- কলঙ্কের মনোভাব দূর করা এবং টিকা, পরীক্ষা এবং চিকিৎসা সংক্রান্ত সংস্থানগুলি পাবার ব্যাপারে সমদর্শিতা বজায় রাখা

এই মুহূর্তে NYC-তে টিকা পাবার যোগ্যতার মাপকাঠির ভিত্তিতে, 150,000 জন অবধি নতুন নিউ ইয়র্কবাসী মাঙ্কিপক্সের প্রভাবাধীন হয়ে থাকতে পারেন। 28শে জুলাই, 2022 তারিখ অবধি, মার্কিন যুক্তরাষ্ট্রের অন্য যে কোন অংশের তুলনায় NYC-তে বেশি মাঙ্কিপক্সে আক্রান্ত মানুষ পাওয়া গেছে, যা গোটা দেশে পাওয়া ঘটনার 25%-এরও বেশি। NYC এই প্রাদুর্ভাবের কেন্দ্রবিন্দু হয়ে ওঠায়, নিউ ইয়র্কবাসীদের জন্য পর্যাপ্ত টিকার ডোজ ও সরঞ্জামের অধিক আনুপাতিক সংখ্যার দরকার, অর্থসাহায্য সমেত, যা আমাদের আক্রান্ত হওয়ার সংখ্যা ও জনসংখ্যার নিরীখে অনেক বেশি করে দায়ী। নগর প্রশাসনের তরফে মাঙ্কিপক্সের মোকাবেলার জন্য প্রয়োজন সমস্ত রকমের সংস্থান এবং নিউ ইয়র্কবাসীদের জন্য সেগুলির সমদর্শিতাপূর্ণ ব্যবহারের ব্যাপারে সরকারের সমস্ত স্তরে নিরন্তর দাবি রেখে আসছে। মাঙ্কিপক্সের মোকাবেলায় সরকারি স্তরে নিউ ইয়র্ক নগর প্রশাসনের তরফে দাবি-দাওয়া সংক্রান্ত প্রচেষ্টা সম্পর্কে আরও জানতে **nyc.gov/health**-এ যান এবং সেখানে **Statements and Letters** (বিবৃতি ও পত্রাবলী) বিভাগটি দেখুন।

সংক্রমণের হার কমানো, ঝুঁকিপূর্ণ লোকেদের সুরক্ষিত রাখা এবং আরও বেশি সংখ্যক সহযোগী ও স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারীদের মাধ্যমে আরও বেশি সংখ্যক প্রতিবেশি অঞ্চলগুলিতে বেশি-বেশি করে মানুষকে টিকা, পরীক্ষা ও চিকিৎসায় আওতায় নিয়ে আসার জন্য নিউ ইয়র্ক শহরের যা-যা দরকার তা সুনিশ্চিত করার জন্য আমরা সাধারণ মানুষকে আমাদের এই ডাকে সাড়া দিতে এবং পদক্ষেপগুলিতে অংশগ্রহণে স্বাগত জানাচ্ছি।

মাঙ্কিপক্সের মোকাবেলায় NYC প্রশাসনের পদক্ষেপ

1. **প্রতিরোধ**
   - মাঙ্কিপক্সের প্রভাবাধীন হয়ে পড়া কীভাবে এড়ানো বা কমানো যেতে পারে এবং প্রভাবাধীন হয়ে পড়লে বা রোগলক্ষণ দেখা দিলে কী করতে হবে সে ব্যাপারে তথ্য প্রদান করা।
   - জনসমাজ-ভিত্তিক সংগঠন, চিকিৎসা প্রদানকারী, যারা উচ্চ ঝুঁকিসম্পন্ন পরিবেশে বসবাস করছেন এবং অন্যান্য সেই সব ব্যক্তিবর্গ যারা এ ব্যাপারে শিক্ষা ও সাহায্য পৌঁছে দেন তাদের এই কাজে যুক্ত করা, বিশেষ করে সেই সব গোষ্ঠীগুলিকে যারা প্রভাবাধীন হয়ে পড়ার সর্বোচ্চ ঝুঁকিসম্পন্ন জনসমাজগুলিকে বা মাঙ্কিপক্সের গুরুতর সংক্রমণে আক্রান্তদের নিয়ে কাজ করে।
   - নিউ ইয়র্কবাসীদের সময়োচিতভাবে তথ্য পৌঁছে দেওয়া, NYC-তে অন্যান্য যে সব ভাষা বলা হয় সেই সব ভাষাতেও প্রচারপত্র বিলি করা সমেত।

2. **নজরদারি ও সংস্পর্শ চিহ্নিতকরণ**
   - NYC-তে মাঙ্কিপক্সের প্রাদুর্ভাবের বিজ্ঞানসম্মত কারণ নির্ধারণ করা, নতুন সংক্রমণের ঘটনা, কতজন লোকে রোগে আক্রান্ত, সংক্রমণের গতিপথ এবং ঝুঁকির কারণসমূহ সমেত।
   - বয়স, বর্ণ, জাতিতত্ত্ব, লিঙ্গ এবং অন্যান্য জনতাত্ত্বিক তথ্য ধরে-ধরে ডেটা শেয়ার করা, গোপনীয়তা ও ডেটা সুরক্ষা সংক্রান্ত সমস্ত আবশ্যকতাগুলিকে বজায় রেখে।
   - মাঙ্কিপক্সে আক্রান্ত লোকেদের সময়োচিতভাবে তথ্য প্রদান করা, যার মধ্যে সংক্রমণ ছড়িয়ে পড়া রোধ করতে পরিবারের অন্যান্য সদস্যদের থেকে কীভাবে নিজেকে আলাদা করে রাখতে হবে এবং কীভাবে স্বাস্থ্য ও সামাজিক পরিষেবাগুলি পাওয়া যাবে সেই সব বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবে।
   - মাঙ্কিপক্সে আক্রান্ত এমন লোকেদের সংস্পর্শের উচ্চ ঝুঁকিগুলিকে চিহ্নিত করা এবং সংক্রমণ ছড়িয়ে পড়া আটকাতে সংস্পর্শ-উত্তর প্রতিষেধক (post-exposure prophylaxis, PEP) টিকা দেওয়া।
   - NYC-র স্বাস্থ্যদপ্তর যদি কাউকে প্রভাবাধীন বলে চিহ্নিত করে অথবা কেউ যদি নিজেই নিজেকে কোন মাঙ্কিপক্সে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এসেছেন বলে চিহ্নিত করেন সেক্ষেত্রে কী প্রত্যাশা করা উচিৎ সে ব্যাপারে তথ্য দেওয়া।

3. **পরীক্ষা করানো**
   - NYC Public Health Laboratory (NYC-র জনস্বাস্থ্য ল্যাবরেটরি) এবং NYC Health + Hospitals-এর মাধ্যমে পরীক্ষা করানোর সুবিধা সুনিশ্চিত করা।
   - পরীক্ষা করার সংখ্যা বৃদ্ধির জন্য স্থানীয় ও জাতীয় স্তরের সহযোগীদের সাথে সম্মিলিতভাবে কাজ করা।
   - চিকিৎসাকেন্দ্রে উপস্থাপন, পরীক্ষার প্রোটোকল এবং কীভাবে রোগীদের তাদের পরীক্ষার ফলাফল সম্পর্কে জানাতে হবে এই সব ব্যাপারে শিক্ষাদান করা।

- পরীক্ষার ফলাফলের জন্য প্রতীক্ষায় থাকাকালীন বা পরীক্ষার ফলাফাল পজিটিভ এলে কী কী করতে হবে সে ব্যাপারে নিউ ইয়র্কবাসীদের বোধগম্যতা সুনিশ্চিত করা।
- বাণিজ্যিক পরীক্ষাগারগুলির মাধ্যমে ও কম বা বিনা খরচে শহর-বহির্ভুত পরীক্ষাগারগুলির মাধ্যমে যাতে আরও বেশি পরিমাণে পরীক্ষা করানো যেতে পারে সে জন্য কেন্দ্রিয় সরকারের কাছে তদ্বির করা।

4. চিকিৎসা

- মাঙ্কিপক্সে আক্রান্ত লোকেদের কীভাবে চিকিৎসা দিতে হবে সে ব্যাপারে চিকিৎসা প্রদানকারী সংস্থাগুলিকে শিক্ষিত করে তোলা, যার মধ্যে সহায়তা-পরিচর্যা ও ভাইরাস-রোধী চিকিৎসা অন্তর্ভুক্ত।
- চিকিৎসা প্রদানকারীরা যাতে সহজে ভাইরাস-রোধী চিকিৎসা (tecovirimat) প্রেসক্রাইব করতে ও প্রদান করতে পারে তার সার্বিক প্রচেষ্টার অংশ হিসেবে এই ভাইরাস-রোধী সুবিধা বৃদ্ধির জন্য কেন্দ্রিয় সরকারের কাছে তদ্বির করা, যা এই মুহূর্তে শুধুমাত্র একটি বর্ধিত ব্যবহারযোগ্য অনুসন্ধানাধীন নতুন ওষুধ (expanded access investigational new drug, EA-IND) প্রোটোকলের অধীনেই উপলভ্য রয়েছে,।
- EA-IND প্রোটোকলের অধীনে উপলভ্য ভাইরোস-রোধী চিকিৎসা কীভাবে প্রেসক্রাইব করতে হবে সে ব্যাপারে চিকিৎসা প্রদানকারীদের প্রকৌশলগত সহায়তা প্রদান করা।
- কে ভাইরাস-রোধী চিকিৎসা নিতে পারেন এবং তারা কীভাবে তাদের চিকিৎসাকারীদের দ্বারা এই চিকিৎসা পেতে পারেন সে ব্যাপারে জনসাধারণকে সচেতন করা।

5. টিকাকরণ

- NYC-র বর্তমান টিকা গ্রহণের যোগ্যতার মাপকাঠির নিরীখে এই মুহূর্তে 150,000 জন অবধি নিউ ইয়র্কবাসী মাঙ্কিপক্সের প্রভাবাধীন হয়ে পড়ার ঝুঁকিসম্পন্ন রয়েছেন। টিকাকরণের হার আরও বাড়লে মাঙ্কিপক্স ছড়িয়ে পড়ার সংখ্যা কমবে এবং তা NYC-র ঝুঁকিসম্পন্ন লোকেদের সুরক্ষিত রাখবে। টিকার সরবরাহে চরম সীমাবদ্ধতা থাকার কারণে, আমাদের টিকাকরণ সংক্রান্ত প্রচারাভিযানগুলি অবশ্যই যত বেশি সংখ্যক লোকেদের যত দ্রুত সম্ভব টিকাকরণের উদ্দেশ্য হয় যা সর্বসাধারণের টিকাকরণ কেন্দ্রগুলিতে সমদর্শিতার ভিত্তিতে সকলের টিকাকরণকে সুনিশ্চিত করে এবং সংক্রণের ও গুরুতর ফলাফলের সর্বোচ্চ ঝুঁকিসম্পন্ন নিউ ইয়র্কবাসীদের অগ্রাধিকার দেয়। আমরা জনসমাজ-ভিত্তিক সংগঠনগুলির সাথে জোটবদ্ধ হয়ে এবং অগ্রাধিকারসম্পন্ন প্রতিবেশি অঞ্চগুলির জন্য টিকা সংরক্ষিত রেখে এই ভারসাম্য বজায় রাখার লক্ষ্যে কাজ করে যাব। NYC-র টিকাকরণ পরিকল্পনার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:
    - পাঁচটি বোরোর সবকটিতেই টিকা ক্লিনিক রাখা, যার মধ্যে যোগ্য নিউ ইয়র্কবাসীদের যত দ্রুত সম্ভব টিকা দেবার জন্য অস্থায়ী সর্বসাধারণের টিকাকরণ কেন্দ্র তৈরি অন্তর্ভুক্ত রয়েছে।
    - সমদর্শিতার সাথে টিকা দেবার বিষয়টিকে নিশ্চিত করার জন্য অ্যাপয়েন্টমেন্ট সংরক্ষিত রাখা, যেমন মাঙ্কিপক্সের কারণে গুরুতর শারীরিক অসুস্থতার উচ্চ ঝুঁকিসম্পন্ন যোগ্য নিউ ইয়র্কবাসী, যারা পর্যাপ্ত স্বাস্থ্যপরিচর্যা বা অন্যান্য

সংস্থানগুলি পায় না অথবা যারা অগ্রাধিকারপ্রাপ্ত ভৌগোলিক অঞ্চলের বাসিন্দা তাদের ব্যাপারে জনসমাজস্থিত সহযোগীদের সুপারিশ নেওয়া।

  - মাঙ্কিপক্সে আক্রান্ত এমন লোকেদের ঘনিষ্ঠ সংস্পর্শে আসা ব্যক্তিদের এবং কর্মস্থলে সংক্রাণের শিকার হয়েছেন এমন ব্যক্তিদের PEP বিতরণ করা।
  - স্বাস্থ্যপরিচর্যা ব্যবস্থার মাধ্যমে অধিগম্যতা বাড়াতে চিকিৎসা প্রদানকারীদের টিকাা প্রদানকারী হিসেবে নিয়োগ করা।
  - পপ-আপ ও মোবাইল অ্যাকসেস টিকাকরণ কেন্দ্র তৈরি করা যাতে যে যেখানে আছে সেখানেই টিকা নিতে পারেন।

- NYC প্রশাসন টিকার প্রথম ডোজকে অগ্রাধিকার দেবে যাতে বেশি সংখ্যক লোক টিকার সুরক্ষা পেতে পারেন। সরবরাহের মাত্রা বাড়লে, NYC প্রশাসন দ্বিতীয় টিকার জন্য জনসাধারণের সাথে যোগাযোগ করবে। এই এক-ডোজের রণকৌশলটি U.K. ও কানাডার মাঙ্কিপক্স টিকাকরণ সংক্রান্ত রণকৌশলের সাথে সংগতিপূর্ণ এবং তা উপলভ্য বৈজ্ঞানিক প্রমাণের উপর ভিত্তি করে গৃহীত হয়েছে।

পরিস্থিতি অনুযায়ী NYC স্বাস্থ্যদপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।

Bengali 7.28.22